সংবাদ

তারিখ 13 FEB 2008
পৃষ্ঠা ২ কলাম ৭

# শাবিতে ১৭ বছরেও গঠিত হয়নি সিনেট : কাজকর্মে সমন্বয়হীনতা

প্রতিনিধি, শাবি

প্রতিষ্ঠার ১৭ বছর পার হলেও এখন পর্যন্ত গঠিত হয়নি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ফোরাম 'সিনেট'। প্রতিষ্ঠার পর থেকেই সিন্ডিকেটের মাধ্যমে চলছে শাবির যাবতীয় প্রশাসনিক কার্যক্রম। এতে বাংলাদেশ জাতীয় সংসদের নিরূপিত বিধানকে পাশ কাটিয়ে শাবির বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ করছে 'সিন্ডিকেট'। বিগত উপাচার্যরা এ ব্যাপারে বিভিন্ন সময় উদ্যোগ নিলেও সরকারের সর্বোচ্চ পর্যায়ে বিষয়টি তুলে ধরেননি। বর্তমান প্রশাসন এ ব্যাপারে বারবার আশ্বাস দিলেও এর বাস্তবায়ন হয়নি। ফলে বর্তমান প্রশাসনের জবাবদিহিতায় দেখা দিয়েছে বিভিন্ন ধরনের অনিশ্চয়তা। এ অবস্থার মধ্য দিয়ে আগামীকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়টি ১৮ বছরে পদার্পণ করছে।

১৯৯১ সালের ১৪ ফেব্রুয়ারি থেকে যাত্রা শুরু করে সিলেটের সর্বোচ্চ বিদ্যাপীঠ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। প্রতিষ্ঠার দীর্ঘ ১৭ বছরের মাথায় এসেও গঠিত হয়নি শাবির সর্বোচ্চ ফোরাম সিনেট। সিনেট না থাকায় প্রশাসনের জবাবদিহিতায় রয়েছে ব্যাপক ত্রুটি। অনেক সময় উপাচার্য এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করছেন বলেও অভিযোগ রয়েছে। বাংলাদেশ জাতীয় সংসদের ১৯৮৭ সালের ১৮ মার্চের গেজেট অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ প্রশাসনিক কাঠামো সিনেট গঠন ও এর সদস্য সংখ্যা ৫৭ জন থাকার কথা রয়েছে।

শিক্ষক সমিতির সভাপতি ড. মোস্তফা হাসান জানান, সিনেটের মাধ্যমেই বিশ্ববিদ্যালয়ের সব কাজের তদারকি করা সম্ভব। এছাড়া যা হবে সবই জোড়াতালির মধ্যে হবে। গরমিল পরিলক্ষিত হলেও কারো করার কিছু থাকবে না। তাই যত তাড়াতাড়ি সম্ভব সিনেট গঠন করা জরুরি।

বর্তমান উপাচার্য প্রফেসর এম. আমিনুল ইসলাম জানান, তাঁর প্রশাসন সিনেট গঠনের যাবতীয় প্রস্তুতি প্রায় সম্পন্ন করেছে। শিগগিরই সিনেটের আনুষ্ঠানিকতা শুরু হবে।